

# কারিগরি বোর্ডের স্থগিত পরীক্ষার তারিখ ঘোষণা

সংবাদ অনলাইন রিপোর্ট

: সোমবার, ১৪ আগস্ট ২০২৩



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

প্রাকৃতিক দুর্যোগের কারণে কারিগরি শিক্ষা বোর্ডের এইচএসসি ও সমমানের স্থগিত হওয়া চার পরীক্ষার নতুন সূচি প্রকাশ করা হয়েছে। সোমবার (১৪ আগস্ট) বোর্ডের ওয়েবসাইটে পরীক্ষার নতুন সময়সূচি প্রকাশ করা হয়েছে।

নতুন সূচি অনুযায়ী, ২৭ আগস্ট থেকে এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি ভোকেশনাল এবং ডিপ্লোমা ইন কমার্স একাদশ ও দ্বাদশ

শ্রেণির চূড়ান্ত পরীক্ষা পূর্বনির্ধারিত সূচি অনুযায়ী হবে।

এইচএসসি (ভোকেশনাল) একাদশ ও দ্বাদশ শ্রেণির স্থগিত হওয়া বাংলা-১ ও ২ পরীক্ষা ৭ সেপ্টেম্বর, ইংরেজি-১ ও ২ পরীক্ষা ১০ সেপ্টেম্বর, উচ্চতর গণিত-১ ও ২ পরীক্ষা ১২ সেপ্টেম্বর এবং পদার্থবিজ্ঞান-১ ও ২ পরীক্ষা ১৪ সেপ্টেম্বর হবে।

এইচএসসি (বিএম/বিএমটি) একাদশ ও দ্বাদশ শ্রেণির বাংলা-১ ও ২ পরীক্ষা ১৭ সেপ্টেম্বর, ইংরেজি-১ ও ২ পরীক্ষা ১৯ সেপ্টেম্বর, কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন-১ ও ২ পরীক্ষা ২১ সেপ্টেম্বর, ব্যবসায় গণিত ও পরিসংখ্যান এবং বিজনেস ইংলিশ অ্যান্ড কমিউনিকেশন পরীক্ষা ২৪ সেপ্টেম্বর হবে।

পরিবর্তিত সূচি অনুযায়ী, কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ডিপ্লোমা ইন কমার্স একাদশ ও দ্বাদশ শ্রেণির বাংলা-১ ও ২ পরীক্ষা ৭ সেপ্টেম্বর, ইংরেজি-১ ও ২ পরীক্ষা ১০ সেপ্টেম্বর, কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন-১ ও ২ পরীক্ষা ১২ সেপ্টেম্বর এবং হিসাববিজ্ঞান ও বিজনেস ইংলিশ অ্যান্ড কমিউনিকেশন পরীক্ষা ১৪ সেপ্টেম্বর নেওয়া হবে।